# ২৫তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২০

রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।

**www. epb.gov.bd/ E-mail: epb-ditf2020@gmail.com/ Facebook: Dhaka International Trade Fair-EPB**

**নথি নং-২৬.০২.০০০০.০৫৫.৫৩.১৫৯.১৪/** **তারিখঃ ১৩/১০/২০১৯ খ্রিঃ।**

## ২৫তম ডিআইটিএফ-২০২০ এর স্টল, প্যাভিলিয়ন, রেস্টুরেন্ট ব্যতিত অন্যান্য কাজের ইজারা বরাদ্দ পাওয়ার জন্য দরপত্র/আবেদনপত্র আহবান।

বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর যৌথ উদ্যোগে ঢাকার শেরে বাংলা নগরে অবস্থিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পশ্চিম পার্শ্বস্থ খালি জায়গায় আগামী ০১-৩১ জানুয়ারি, ২০২০ সময়কালে ২৫তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২০ অনুষ্ঠিত হবে। উক্ত মেলার নিম্নোক্ত ১৪ (চৌদ্দ) প্রকার কাজের জন্য স্বনামধন্য, প্রতিষ্ঠিত ও রেজিস্টার্ড কোম্পানি এবং কর্পোরেট বডির নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

**০১। মেলার বিভিন্ন ক্যাটাগরির কাজের নাম/প্রকৃতি, প্রসেসিং ফি, রয়্যালটির সর্বনিম্ন মূল্য/ফ্লোর মূল্য/হারঃ**

| ক্রমিক নং | কাজের প্রকৃতি/নাম | সর্বনিম্ন ফ্লোর মূল্য (টাকায়) | প্রসেসিং ফি/দরপত্র মূল্য ভ্যাট ট্যাক্স সহ (টাকায়) |
|---|---|---|---|
| ০১ | প্রবেশ টিকেট ইজারা কাজ | ৫,২৫,০০,০০০/- (পাঁচ কোটি পঁচিশ লক্ষ) | ১০,০০০/- (দশ হাজার) |
| ০২ | অভ্যন্তরীণ প্রচারণার লক্ষে অডিও ভিজ্যুয়াল কার্যক্রম ইজারা | ৪৮,০০,০০০/- (আটচল্লিশ লক্ষ) | ৮,০০০/- (আট হাজার) |
| ০৩ | ফোয়ারা নির্মাণ, শোভায়ন ও পরিচালনা (২টি) | ১,০০,০০০/- (এক লক্ষ) ( প্রতিটির) | ৩,০০০/- (তিন হাজার) |
| ০৪ | প্রধান প্রবেশ দ্বার নির্মাণ, শোভায়ন ও পরিচালনা | ১০,০০,০০০/- (দশ লক্ষ) | ৫,০০০/- (পাঁচ হাজার) |
| ০৫ | উড়ন্ত বেলুনে বিজ্ঞাপন প্রচার (২৫টি) | ১৫,০০০/- (পনের হাজার) (প্রতিটির) | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) |
| ০৬ | এটিএম বুথ স্থাপন ও পরিচালনা (৬টি) | ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) ( প্রতিটির) | ৫,০০০/- (পাঁচ হাজার) |
| ০৭ | মেলা মাঠের ইলেকট্রিক টাওয়ার ব্র্যান্ডিং (০৪টি ছোট টাওয়ার) | ১,০০,০০০/- (এক লক্ষ) ( প্রতিটির) | ৪,০০০/- (চার হাজার) |
| ০৮ | প্রধান প্রবেশ দ্বার সংলগ্ন টিকেট কাউন্টার ব্র্যান্ডিং | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) | ৪,০০০/- (চার হাজার) |
| ০৯ | দ্বিতীয় প্রবেশ দ্বার সংলগ্ন টিকেট কাউন্টার ব্র্যান্ডিং | ২,০০,০০০/- (দুই লক্ষ) | ৪,০০০/- (চার হাজার) |
| ১০ | মা ও শিশু কেন্দ্র স্থাপন ও পরিচালনা (২টি) | ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) ( প্রতিটির) | ৩,০০০/- (তিন হাজার) |
| ১১ | শিশু পার্ক নং-১ স্থাপন ও পরিচালনা ( ৬২´ X ১৫০´) | ১২,৫০,০০০/- (বার লক্ষ পঞ্চাশ হাজার) | ৪,০০০/- (চার হাজার) |
| ১২ | শিশু পার্ক নং-২ স্থাপন ও পরিচালনা ( ৮০´X ৯০´) | ১২,০০,০০০/- (বার লক্ষ) | ৪,০০০/- (চার হাজার) |
| ১৩ | ইকো পার্ক /থিম পার্ক ইজারা | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৪,০০০/- (চার হাজার) |
| ১৪ | ওয়েব পেইজ/ই-শপ সন্নিবেশ | ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) |

০২। এখানে উল্লেখ্য যে মেলা মাঠের মাস্টার প্ল্যান অনুযায়ী আইটেমগুলোর সংখ্যক ও আয়তন পরিবর্তিত হতে পারে।

০৩। প্রতিটি কাজের দরপত্রের শিডিউল/আবেদন ফরম আগামী ১৪/১০/২০১৯ খ্রিঃ হতে ০৪/১১/২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত www. epb.gov.bd/ Facebook: Dhaka International Trade Fair-EPB হতে ডাউনলোড করে অথবা নিম্নোক্ত দপ্তর সমূহ হতে প্রতি কার্যদিবসে অফিস চলাকালিন সময়ে সংগ্রহ করা যাবেঃ

(ক) অর্থ ও হিসাব শাখা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা;

(খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এর অফিস কক্ষ, (১ম ১২ তলা সরকারী ভবন, ৩য় তলা কক্ষ নং-৩০৩, সেগুনবাগিচা), ঢাকা এবং

(গ) বাণিজ্য মন্ত্রণালয় (ভবন নং-০৩, ২য় তলা, কক্ষ নং-১২৬-গ) বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০৪। প্রতিটি কাজের দরপত্র নির্ধারিত নিয়মাবলী অনুসরণপূর্বক ও প্রয়োজনীয় কাগজপত্রসহ www. epb.gov.bd/ Facebook: Dhaka International Trade Fair-EPB হতে শিডিউল/আবেদনপত্র ফরম ডাউনলোড করে পূরণকৃত হার্ডকপিতে আগামী ১৪/১০/২০১৯ খ্রিঃ তারিখ থেকে ০৪/১১/২০১৯ খ্রিঃ তারিখ দুপর ২:০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত দপ্তর সমূহে রক্ষিত **টেন্ডার বাক্সে** সরাসরি অথবা ডাকযোগে **দাখিল করতে হবেঃ**

(ক) রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা;

(খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), এর অফিস কক্ষ, (১ম ১২ তলা ভবন ৩য় তলা, কক্ষ নং-৩০৩, সেগুনবাগিচা), ঢাকা এবং

(গ) বাণিজ্য মন্ত্রণালয় (ভবন নং-০৩, ২য় তলা, কক্ষ নং-১২৬-গ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। অন-লাইন দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র স্ক্যান করে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। প্রতিটি কাজের দরপত্র পৃথক ভাবে দাখিল করতে হবে;

০৭। হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত প্রতিটি দরপত্রের খামের উপর সংশ্লিষ্ট কাজের নাম উল্লেখ করতে হবে;

০৮। বর্ণিত দরপত্রসমূহ আগামী ০৪/১১/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৪:৩০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে;

০৯। ছকে উল্লিখিত প্রতিটি কাজের জন্য নির্ধারিত ফ্লোর মূল্য অপেক্ষা দরপত্রে অধিক দর উদ্ধৃত করা যাবে এবং প্রতিটি কাজের নির্ধারিত ফ্লোর মূল্যের নিম্নে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না;

### নিয়মাবলী/শর্তাবলীঃ

১০। প্রতিটি ইজারা কাজের জন্য দরপত্রে উদ্ধৃত দরের সমুদয় অর্থ এবং আবেদনপত্রের প্রসেসিং ফি/দরপত্রের মূল্যের অর্থ পৃথক পৃথক জমার আকারে ব্র্যাক ব্যাংকের নিম্নোক্ত হিসাবে জমা করে (ক) হার্ড কপি দরপত্র দাখিলের ক্ষেত্রে পূরণকৃত ডিপোজিট স্লিপ (Deposit slip) এবং (খ) অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

- হিসাবের শিরোনাম : ‘‘ঢাকা আন্তর্জতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)’’
- ব্যাংকের নাম : ব্র্যাক ব্যাংক লিঃ, (যে কোন শাখা)।
- হিসাব নং-1501102485103001

১১। **ফ্লোর মূল্যের অতিরিক্ত উদ্ধৃত দরের অর্থ দেশের যে কোন তফসিলি ব্যাংকেও পে-অর্ডার এর মাধ্যমে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল শিরোনামে জমা দেয়া যাবে। পে-অর্ডারের স্ক্যান কপি অন-লাইনে এবং মূল কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।**

১২। সকল দরপত্রের সাথে হালনাগাদ ব্যবসা পরিচালনার ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, ২০১৮-২০১৯ করবর্ষের কর মামলা নিষ্পত্তির সনদপত্র, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র-এর সত্যায়িত কপি এবং দরপত্রদাতার সদ্য তোলা সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজ এর ছবি সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্র বাছাইয়ের সময় সকল কাগজপত্রের /প্রমাণাদির মূল কপি পেশ করতে হবে;

১৩। ডিআইটিএফ-২০২০ এর নির্ধারিত সময়ের পর মেলার মেয়াদকাল বৃদ্ধি করা হলে উল্লিখিত প্রতিটি ইজারাকাজের জন্য বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বর্ধিত দিনের জন্য সকল প্রকার করসহ আনুপাতিক হারে অতিরিক্ত মূল্য পরিশোধ করতে হবে;

১৪। এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক নং-০১ কাজের জন্য মনোনীত/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বরাদ্দ মূল্য ছাড়াও বরাদ্দ মূল্যের ১৫% অর্থ ভ্যাট বাবদ, ৫% অর্থ আয়কর বাবদ ও ১০% অর্থ সিটি কর্পোরেশন এর প্রমোদ কর বাবদ চূড়ান্ত কার্যাদেশ প্রাপ্তির পূর্বে মেলা তহবিলে জমা করতে হবে ;

১৫। এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক নং ০২-১৪ এ বর্ণিত প্রতিটি কাজের জন্য মনোনীত/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বরাদ্দ মূল্য ছাড়াও বরাদ্দ মূল্যের ১৫% অর্থ ভ্যাট বাবদ এবং আয়কর বাবদ বরাদ্দ মূল্যের ৫% অর্থ আয়কর বাবদ চূড়ান্ত কার্যাদেশ প্রাপ্তির পূর্বে মেলা তহবিলে জমা করতে হবে ;

১৬। যে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে ইপিবি ও ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার কোন কাজে অযোগ্য ঘোষিত হয়েছে অথবা কালো তালিকাভুক্ত হয়েছে - সে সকল সংস্থা/প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণযোগ্য হবে না;

১৭। দরপত্রের সাথে দাখিলকৃত কোন ডকুমেন্ট জাল/ভূয়া হিসেবে প্রমাণিত হলে মেলা তহবিলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৮। ডিআইটিএফ এর কোন কাজ বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভংগ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল হবে এবং রয়্যালটি, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে উহার জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে;

১৯। সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত অন্যান্য কর/শুল্ক বা নতুনভাবে ঘোষিত কোন কর আরোপিত হলে তা পরিশোধ করতে হবে;

২০। পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহনকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষ কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তার মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ-২০২০ এর কোন দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের নামে মেলার কোন কাজ বরাদ্দ করা হবে না;

২১। ডিআইটিএফ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ এবং কাজের বরাদ্দ বাবদ মেলা তহবিলে জমাযোগ্য সকল অর্থ www. epb.gov.bd ও Facebook: Dhaka International Trade Fair-EPB থেকে ডিপোজিট স্লিপের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণ পূর্বক ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় ডিআইটিএফ এর নির্ধারিত হিসাবে জমা করতে হবে। অন্যথায় মেলা তহবিলে অর্থ জমার দাবী গ্রহণযোগ্য হিসাবে গণ্য করা হবে না;

২২। মেলার কাজে অংশগ্রহনের উদ্দেশ্যে মেলা তহবিলে অর্থ জমার সমর্থনে ব্যাংক থেকে প্রদত্ত/প্রাপ্ত ডিপোজিট স্লিপে আবেদনকারী/দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকলে উক্ত ডিপোজিট স্লিপ গ্রহণযোগ্য হিসেবে গণ্য করা হবে না;

২৩। ক্রমিক নং-০৪ এর কাজের জন্য দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানকে ১ (এক) ধাপ দুই খাম পদ্ধতিতে প্রধান প্রবেশ দ্বার এর ডিজাইনের রঙ্গিন প্রিন্ট কপি এবং ৩-ডি সিডি সহ দাখিল করতে হবে।

(ক) ক্রয়কারী প্রত্যেক দরদাতাকে কারিগরি এবং আর্থিক প্রস্তাব যথাযথভাবে চিহ্নিত পৃথক পৃথক দুইটি খামে সীলগালা করে অন্য একটি বহিঃস্থ খামে স্থাপন ও উক্ত বহিঃস্থ খাম পুনরায় সীলগালা করে দরপত্র জমা দিতে হবে।

(খ) দরপত্রদাতাকে কারিগরি প্রস্তাবের সাথে বিজ্ঞাপনে বর্ণিত স্থির অংক (rounded fixed amount) দরপত্র জামানত দাখিল করতে হবে;

২৪। অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবে না;

২৫। ডিআইটিএফ-২০২০ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে উল্লিখিত কার্যাদির যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।


সচিব
রপ্তানি উন্নয়ন ব্যুরো
ও
পরিচালক
২৫তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২০ সচিবালয়
টিসিবি ভবন (৫ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফোন নং ০২-৫৫০১৩৪২০, পিএবিএক্স: ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪,৮১৮০০৮৭, ৮১৮০০৯০ এক্সটেনশন নং-১১৪, ফ্যাক্স নং ৮৮০-২-৯১১৯৫৩১
www. epb.gov.bd/ E-mail : secy@epb.gov.bd/ Facebook: Dhaka International Trade Fair-EPB